



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.১৮.০০১.১৯- ২৭০

তারিখ : ০৯ ফাল্গুন ১৪২৭
২২ ফেব্রুয়ারি ২০২১

বিষয় : মৃত ব্যক্তির ওয়ারিশ সনদ প্রাপ্তির আবেদনের সাথে অনলাইন মৃত্যু নিবন্ধন সনদ গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৭২৪.০৬.০০২.১৯-২৮, তারিখ: ০২/০২/২০২১খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে সিভিল রেজিস্ট্রেশন এ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স (সিআরভিএস) সংক্রান্ত স্টিয়ারিং কমিটির ষষ্ঠ সভা গত ২৮/০১/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ:

সিদ্ধান্ত নং	সিদ্ধান্ত
৩.৩	ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা ও সিটি কর্পোরেশনের মেয়রগণ মৃত ব্যক্তির ওয়ারিশগণকে যে ওয়ারিশ সনদ প্রদান করে থাকেন সেটি প্রাপ্তির জন্য আবেদনের সাথে অনলাইন মৃত্যু নিবন্ধন সনদটি বাধ্যতামূলক করার বিষয়টি স্থানীয় সরকার বিভাগ থেকে পরিপত্র/প্রজ্ঞাপন জারির মাধ্যমে নিশ্চিত করবে।

২। এমতাবস্থায়, মৃত ব্যক্তির ওয়ারিশ সনদ প্রাপ্তির আবেদনের সাথে অনলাইন মৃত্যু নিবন্ধন সনদ বাধ্যতামূলকভাবে গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২/২/২১

(মো: আকবর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০
up2lgd@gmail.com

চেয়ারম্যান (সকল)

-----ইউনিয়ন পরিষদ

-----উপজেলা-----জেলা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ:আ: উপসচিব, সিভিল রেজিস্ট্রেশন অধিশাখা]।
- ২। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, পরিবহন পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল)-----বিভাগ।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার (ডিএলজি)-----বিভাগ।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক (সকল)-----জেলা।
- ৭। উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি)-----জেলা।
- ৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল)-----উপজেলা-----জেলা।
- ১০। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। অফিস কপি।